

MAY 01 2002

যুগান্তর

কালোবাজারে শিক্ষার গম  
১০

### কালোবাজারে শিক্ষার গম

কাজিপুর (সিরাঙ্গগঞ্জ) থেকে সংবাদমাতা ৥ কাজিপুর উপজেলার ৩৩গাছ ইউনিয়নের ২১টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বকালকৃত শিক্ষার বিনিময়ে বাদ্য কর্মসূচীর ২৮৭.৮৮ মেট্রিক টন গম/চাল সংশ্লিষ্ট ডিলাই কালোবাজারে বিক্রি করে বিধি বহির্ভূতভাবে নগদে মাসিক মাত্র ২৫ টাকা হারে ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করেছে বলে এক অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগে প্রকাশ ২০০১ সালের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত মোট ৬ মাসের অন্তর্গত ২৮৭.৮৮ মেট্রিক টন গম ও চাল ৩৩গাছ ইউনিয়নের ২১টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বিধি অনুযায়ী ১০ কেজি গম/চাল বিতরণ না করে সংশ্লিষ্ট ডিলাই কালোবাজারে বিক্রি করে নগদে মাত্র ২৫ টাকা করে প্রতি মাসের জন্য বিতরণ করেছে বলে অভিযোগে প্রকাশ।